ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৭৩৪
আগরতলা, ১৩ জানুয়ারি, ২০২৬

**পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের জন্য ২০২৬-২৭ অর্থবছরের খসড়া বাজেটের রূপরেখা তৈরী করতে বৈঠক অনুষ্ঠিত**

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের জন্য ২০২৬-২৭ অর্থবছরের খসড়া বাজেটের রূপরেখা তৈরী করতে গতকাল পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসনের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল-র সভাপতিত্বে অনুষ্ঠিত এই বৈঠকে পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানগণ, ব্লক পরামর্শদাতা কমিটির চেয়ারম্যানগণ, জিলা পরিষদের সদস্যগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

আগামী অর্থবছরের জন্য পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের খসড়া বাজেট এবং ষোড়শ অর্থ কমিশনের সম্ভাব্য অর্থ বরাদ্দ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় ভারপ্রাপ্ত সভাধিপতি বলেন, গ্রাম সংসদের মাধ্যমে গ্রামীণ জনগণের চাহিদা এবং প্রয়োজন অনুসারে প্রতিটি গ্রাম পঞ্চায়েতের খসড়া বাজেট তৈরী করা হবে। পঞ্চায়েত ভিত্তিক বাজেট পরিকল্পনা চলতি অর্থবছরে বিভিন্ন প্রকল্প রূপায়ণ এবং আগামী অর্থবছরের জন্য কি কি পরিকল্পনা নেওয়া যেতে পারে এবিষয়ে বিস্তারিত তথ্য তুলে ধরতে সভাধিপতি সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন।

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সচিব সভায় জানান, ১৪ জানুয়ারি থেকে ১৬ জানুয়ারি পর্যন্ত পঞ্চায়েত ভিত্তিক প্রাক বাজেট বৈঠক, ২০ জানুয়ারি পঞ্চায়েত ভিত্তিক বাজেট অধিবেশন অনুষ্ঠিত হবে। ২২ জানুয়ারি পঞ্চায়েত থেকে খসড়া বাজেট প্রতিবেদন পঞ্চায়েত সমিতি ও বিএসি'তে পাঠাতে হবে। ২৪ জানুয়ারি পঞ্চায়েত সমিতি ও বিএসি ভিত্তিক বাজেট অধিবেশন করা হবে। ২৫ জানুয়ারি পঞ্চায়েত সমিতি ও বিএসি থেকে খসড়া বাজেট প্রতিবেদন জিলা পরিষদের কাছে পাঠাতে হবে। আগামী ৩০ জানুয়ারি জিলা পরিষদ ভিত্তিক বাজেট অধিবেশন অনুষ্ঠিত হবে। কর্মসূচি অনুযায়ী প্রস্তুতি নিতে তিনি সবার প্রতি আহ্বান জানান।

******